

আরবিআই/2013-14/598

ডিবিওডি.নং.লেগ.বিসি..113/09.07.005/2013-14

মে, 21, 2014

সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাক্ষ
(আর আরবি বাদে)

প্রিয় মহাশয় / মহাশয়া

ব্যাক্ষ শাখা /এ টি এম প্রতিবন্ধীদের পক্ষে সুগম/ব্যবহারযোগ্য করার প্রয়োজনীয়তা

অনুগ্রহ করে উপরোক্ত বিষয়ে আমাদের এপ্রিল 13, 2009 তারিখের সার্কুলার ডিবিওডি.নং.লেগ.বিসি.123 /09.07.005/2008-09 দেখবেন, যেখানে ব্যাক্ষগুলিকে অন্যান্য বিষয়ের সঙ্গে সমস্ত বর্তমান বা ভবিষ্যতে বসানো হবে এমন সমস্ত এটিএমগুলিতে রাস্পের ব্যবস্থা করতে এবং নতুন বসানো সব এটিএম-এর এক তৃতীয়াংশ ব্রেইল-লিপিমুক্ত এবং কথা-বলা-এটিএম করতে বলা হয়েছে।

2. আমরা ভারত সরকার সহ বিভিন্ন মহল মারফত জনগণের থেকে অনুরোধ/মতামত পেয়ে আসছি যে এমন ব্যবস্থা আমাদের গ্রহণ করা উচিত যাতে প্রতিবন্ধীদের পক্ষে ব্যাক্ষ শাখাগুলিতে কাজকর্ম করা বা এটিএম ব্যবহার করা সহজ হয়। উপরোক্ত সার্কুলারে বলা হয়েছে যে ব্যাক্ষগুলির উচিত সমস্ত বর্তমান বা ভবিষ্যতে বসানো হবে এমন সমস্ত এটিএমগুলিতে রাস্পের ব্যবস্থা করা যাতে হুইল চেয়ার ব্যবহারকারী / প্রতিবন্ধীদের সেগুলি ব্যবহার করতে সুবিধা হয়। এটিএমগুলির উচ্চতা এমন হওয়া উচিত যাতে হুইল চেয়ার ব্যবহারকারীদের পক্ষে সেটি ব্যবহার করতে অসুবিধে না হয়। তবে যেখানে এমন রাস্পের ব্যবস্থা করা সম্ভব নয়, স্থায়ীভাবে মাটির সঙ্গে যুক্ত করে অথবা অন্যভাবে, সেখানে এই সুবিধা বাদ দিতে হবে, যদিও তার কারণ নথিভুক্ত করতে হবে এবং শাখায় অথবা এটিএম-এ প্রদর্শিত হবে।

3. ব্যাক্ষ ব্যবস্থা নেবে যাতে ব্যাক্ষের শাখার প্রবেশদ্বারে, যেখানে সম্ভব রাস্প বসাবে যাতে প্রতিবন্ধী/হুইল চেয়ার ব্যবহারকারীরা কোনও রকমের অসুবিধা ছাড়াই ব্যাক্ষ শাখায় প্রবেশ করতে পারেন এবং কাজকর্ম করতে পারেন। ব্যাক্ষগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যে তারা এই লক্ষ্যে কতটা এগুনো গেছে তা সময়ে সময়ে সংশ্লিষ্ট বোর্ডের গ্রাহক পরিষেবা সমিতিতে জানাবে এবং তাদের নির্দেশ পালন করবে।

4. এছাড়াও আমাদের নজরে এসেছে যে উপরোক্ত সার্কুলারে যেমন বলা হয়েছিল কিছু ব্যাঙ্ক সেই অনুসারে নতুন বসানো সব এটিএম-এর এক তৃতীয়াংশ ব্রেইল-লিপিমুক্ত এবং কথা-বলা-এটিএম করতে পারেনি। অতঃপর, পুনরাবৃত্ত করা হচ্ছে যে জুলাই 1, 2014 থেকে বসানো সমস্ত এটিএম ব্রেইল-লিপিমুক্ত এবং কথা-বলা-এটিএম হবে। ব্যাঙ্ক একটি পথ-রেখা তৈরি করতে পারে যাতে বর্তমানে সমস্ত এটিএমগুলিকে ব্রেইল-লিপিমুক্ত এবং কথা-বলা-এটিএম-এ রূপান্তর করা যায় এবং এই কর্মসূচি সময়ে সময়ে বোর্ডের গ্রাহক পরিষেবা সমিতি পর্যালোচনা করবে।

উপরে যা বলা হয়েছে তা ছাড়াও সমস্ত ব্যাঙ্ক শাখায় স্বল্প দৃষ্টিসম্পন্ন ব্যক্তিদের যেখানে প্রয়োজন ব্যবহারের জন্য পরিবর্ধক কাচ (ম্যাগনিফায়িং গ্লাস) রাখা প্রয়োজন যাতে তাঁরা সহজে ব্যাঙ্কিং লেনদেন সারতে পারেন। শাখাগুলির গুরুত্বপূর্ণ স্থানে পরিবর্ধক কাচ (ম্যাগনিফায়িং গ্লাস) ব্যবহারের জন্য পাওয়া যাচ্ছে এবং প্রতিবন্ধীদের জন্য অন্যান্য যে সমস্ত সুবিধে বর্তমান তা বিজ্ঞাপিত করতে হবে।

আপনার বিশ্বস্ত

(রাজেশ ভার্মা)
মুখ্য মহাপ্রবন্ধক